কালের কণ্ঠ

তারিখ: 27 MAY 2016
পৃষ্ঠা: ২০ কলাম: ২

# প্রথম দিনেই বেশ সাড়া, ফি শোধে কিছু বিড়ম্বনাও

নিজস্ব প্রতিবেদক ▷

একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন গ্রহণের প্রথম দিনেই ব্যাপক সাড়া মিলেছে। অনলাইনের পাশাপাশি এসএমএসে আবেদন করছে শিক্ষার্থীরা। তবে রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটকের মাধ্যমে এসএমএসে ফি জমা দিতে গিয়ে কিছুটা বিড়ম্বনায়ও পড়তে হচ্ছে শিক্ষার্থীদের। এসএমএসে টাকা পাঠালে ফিরতি এসএমএস আসতে কিছুটা দেরি হচ্ছে। তবে বোর্ড কর্তৃপক্ষ বলছে, এতে ভয়ের কোনো কারণ নেই। একটু দেরি হলেও পিন নম্বরসহকারে ফিরতি এসএমএস ঠিকই আসবে।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টা থেকে আবেদন গ্রহণ শুরু হয়। প্রথম ১০ ঘণ্টায় অর্থাৎ সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত অনলাইন ও এসএমএস মিলে প্রায় সাড়ে ৪৮ হাজার আবেদন জমা পড়েছে। ১৪ হাজার ৬০ জন শিক্ষার্থী এই আবেদন করেছে বলে আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি সূত্র জানিয়েছে।

এবার শিক্ষার্থীরা অনলাইনে ১০টি ও এসএমএসের মাধ্যমে ১০টি মোট ২০টি কলেজে ভর্তির আবেদন করার সুযোগ পাচ্ছে। আর শিক্ষার্থীদের আবেদন করা প্রতিটি কলেজেই তাদের মেধাতালিকা থাকবে। তবে গত বছর আবেদনের পর এসএমএসের মাধ্যমে টাকা পরিশোধ করার সুযোগ থাকলেও এবার আগে

## একাদশে ভর্তি আবেদন

- প্রথম ১০ ঘণ্টায় ১৪ হাজার শিক্ষার্থীর সাড়ে ৪৮ হাজার আবেদন
- ফিরতি এসএমএস আসতে দেরি হলেও ভয়ের কিছু নেই : কর্তৃপক্ষ

টাকা পরিশোধ করতে হচ্ছে। এরপর ফিরতি এসএমএসে পাওয়া পিন নম্বর আবেদন ফরমে উল্লেখ করতে হচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. মো. আশফাকুস সালেহীন গতকাল রাতে কালের কণ্ঠকে বলেন, 'আমাদের সার্ভারে কোনো সমস্যা নেই। শিক্ষার্থীরা ঠিকমতোই আবেদন করতে পারছেন। আর প্রথম দিনের আবেদনের হারও সন্তোষজনক। তবে দুপুরের পর থেকে ফি জমা দিতে গিয়ে ফিরতি এসএমএস পেতে দেরি হচ্ছে, এ ধরনের অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে ভয়ের কোনো কারণ নেই। একসঙ্গে সবাই এসএমএস করায় এই সমস্যা। এ ছাড়া টেলিটকের আবেদন বোর্ড থেকে ভেরিফাই হয়ে প্রার্থীর কাছে রিপ্লাই যাওয়ায় কিছুটা সময় লাগবেই। তার পরও আমরা এ ব্যাপারটি দ্রুত করতে টেলিটকের সঙ্গে কথা বলেছি। তারাও

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৮

## প্রথম দিনেই —

▶▶ শেষ পৃষ্ঠার পর

আমাদের আশ্বস্ত করেছে।'

গতকাল সকাল সাড়ে ৯টায় ঢাকা শিক্ষা বোর্ডে ভর্তির আবেদন গ্রহণের কার্যক্রম উদ্বোধন করেন বাংলাদেশ আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. মাহবুবুর রহমান। আগামী ৯ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করতে পারবে শিক্ষার্থীরা।

অনলাইনে ১০টি কলেজ পছন্দ করে আবেদন করতে ফি দিতে হবে ১৫০ টাকা। আর এসএমএসে প্রতিটি আবেদনের জন্য ফি লাগবে ১২০ টাকা। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৬ জুন। মেধাতালিকা থেকে ১৮ থেকে ২২ জুন এবং অপেক্ষমাণ তালিকা থেকে ২৩ থেকে ৩০ জুন পর্যন্ত শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে। আর বিলম্ব ফি দিয়ে ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত ভর্তি হতে পারবে শিক্ষার্থীরা। একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে ১০ জুলাই। যারা পুনর্নিরীক্ষার আবেদন করেছে তাদেরও এই সময়সীমা মানতে হবে। তবে কারো ফল পরিবর্তন হলে বাকি কলেজ পছন্দের ক্ষেত্রে পরিবর্তিত ফল দিয়ে আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। ভর্তির বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।